

একের ভেতর দশ - দশের ভেতর এক!

আনিসুর রহমান



আমার জানা মতে এই প্রথম একজন বাংলাদেশী অষ্ট্রেলিয়ায় "সিটিজেন অব দ্যা ইয়ার" পদকের জন্য মনোনয়ন পেলেন। জাতীয় পর্যায়ে যেমন "অষ্ট্রেলিয়ান অব দ্যা ইয়ার" তেমনি সিটি কাউন্সিলগুলো প্রতি বছর অষ্ট্রেলিয়া ডে (২৬শে জানুয়ারী) তে সমাজ সেবা মূলক কাজের জন্য "সিটিজেন অব দ্যা ইয়ার" পদক দিয়ে থাকে। মিন্টো নিবাসী জনাব মাসুদ চৌধুরী এ বছর ক্যান্সেলটাউন সিটি কাউন্সিলের "সিটিজেন অব দ্যা ইয়ার" পদকের জন্য মনোনয়ন প্রাপ্ত দশ জনের একজন। আমাদের ক্ষুদ্র বাংলাদেশী কমিউনিটি থেকে বের হয়ে বৃহত্তর অষ্ট্রেলিয়ার মূল ধারায় এসে দশ জনের একজন হওয়া অবশ্যই একটি দৃষ্টান্তমূলক ঘটনা।

জনাব মাসুদ চৌধুরীর জন্ম ঢাকায় ১৯৬৩ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ম্যানেজমেন্টে মাস্টার্স করেছেন। ১৯৮৯ সালে মাইগ্রেশন নিয়ে অষ্ট্রেলিয়ায় আসেন। প্রথম বছর মেলবোর্নে কাটিয়া চলে আসেন সিডনীতে। তিনি সমাজ সেবামূলক কাজের সাথে সম্পৃক্ত ছিলেন প্রথম থেকেই। বাংলাদেশ এসোসিয়েশন অব অষ্ট্রেলিয়া, বাংলাদেশ ইসলামিক সেন্টার, বাংলাদেশ ইয়ুথ ফেডারেশন, বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল, ল্যকেম্বা বাংলা স্কুল, বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি, ক্যান্সেলটাউন বাংলা স্কুল, বাংলা প্রসার কমিটি এসব সংগঠনে বিভিন্ন সময় বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন জনাব মাসুদ চৌধুরী।

বাংলাদেশী কমিউনিটির বাইরে তিনি The Grange Public School এর Parents Teachers Committee এর সভাপতি, Ingleburn Festival Committee এর সদস্য, অষ্ট্রেলিয়ান লেবার পার্টির মিন্টো শাখার সহকারী সম্পাদক।

জনাব মাসুদ চৌধুরী সব সময় দশ জনের পাশে ছিলেন। মূল ধারায় ও তিনি দশ জনের একজন। জনাব মাসুদ চৌধুরীকে জানাই আমাদের আন্তরিক অভিনন্দন।